

নং ১৫.৫৪.০০০০.০৪২.০৬.২৪৬.২০. ০২২৮

তারিখ: ০৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
২০০৯.১০.২০২২

জাতীয় শুন্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder)

অংশগ্রহণে সভার কার্যবিবরণী

তারিখ: ১৮.১০.২০২২।

স্থান: সভা কক্ষ

সময়: সকাল ১১.০০টা।

সভাপতি: মোছা: মাহফুজ আক্তার, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র

সভায় উপস্থিতি: পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুন্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ মোতাবেক সিটিজেন চার্টার, তথ্য অধিকার আইন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল কর্মসূচি যথাযথ এবং সরকার নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন হওয়া আবশ্যক। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সকলকে সমর্পিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

০১। সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সেবা প্রদান প্রতিশুতি অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকার কর্তৃক তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করা হয়েছে। এই আইনের আওতায় সেবা গ্রহণকারী যে কোন নাগরিক তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত তথ্যের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বরাবর আবেদন করতে পারেন। এ আইন অনুযায়ী প্রদানযোগ্য তথ্য নির্ধারিত সময়ে প্রদান করতে পারেন অথবা অপারগতা প্রকাশ করতে পারেন। এছাড়া অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুযায়ী নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগের স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে নিষ্পত্তি এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। সভায় উপস্থিত সংবাদ পাঠক/পাঠিকাগণ এ ধরণের সভা আহ্বান করায় জেনারেল ম্যানেজারকে ধন্যবাদ জানান এবং তাঁদের মতামত গ্রহণ করেন এবং চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানসহ সার্বিক মান উন্নয়নে সন্তোষ প্রকাশ করেন। এ ধারা অব্যাহত রাখাসহ ভবিষ্যতে এ ধরণের সভার আয়োজন করার জন্য জেনারেল ম্যানেজারকে অনুরোধ জানান। এছাড়া উপস্থিত সংবাদ পাঠক-পাঠিকাগণ বর্তমানে সংবাদে যে নিউজ রিপোর্টিং প্রচার করা হচ্ছে তাতেও তাঁরা খুবই সন্তুষ্টি প্রকাশ করেন এবং সংবাদ পাঠক-পাঠিকাদের জন্য আলাদা মেকআপ রুমের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

০৪। অত:পর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সেবা প্রদান প্রতিশুতি অনুযায়ী সেবা গ্রহীতাদের কাঞ্চিত সেবা প্রদান করতে হবে;

খ) তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদন প্রাপ্তি সাপেক্ষে তথ্য প্রদান ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা

বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

গ) সংবাদ পাঠক-পাঠিকাদের পেশাদারিতের সাথে সংবাদ উপস্থাপনের দক্ষতা ও শুক্র উচ্চারণ সহযোগে কলা কৌশল রপ্ত করে স্বাচ্ছন্দে সংবাদ পাঠের সক্ষমতা অর্জন করতে হবে;

ঘ) ভবিষ্যতে অবকাঠামোগত উন্নতি হলে সংবাদ পাঠক-পাঠিকাদের আলাদা মেকআপ রুমের ব্যবস্থা গ্রহণ করা হবে;

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|--|
| <input type="checkbox"/> স্ট্রাইম এনালিস্ট | <input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিবন্ধ |
| <input checked="" type="checkbox"/> প্রয়োজনীয়-১ | <input type="checkbox"/> উপস্থাপন কর্মসূচি |
| <input type="checkbox"/> প্রয়োজনীয়-২ | <input type="checkbox"/> কথা বর্ণন |
| <input type="checkbox"/> প্রয়োজনীয়-৩ | <input type="checkbox"/> শাস্তি নিবন্ধ |
| বিতরণ: | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

০১। শাখা প্রধান..... (স্কেচ) বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।

০২। উপস্থিত কর্মকর্তা/স্টেকহোল্ডারবৃন্দ।

অনুলিপি:

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সদয় অবগতির জন্য)।

০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

মোছা: মাহফুজ আক্তার
জেনারেল ম্যানেজার (চ: দা:)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.৪৩.২৯২.২২. ১৯৭৯

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২২ খ্রি:

সভার নোটিশ

আগামি ১৮.১০.২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের সভা
কক্ষে কর্মকর্তা/কর্মচারি, Lions Club of Chittagong Presidency'র সদস্যবৃন্দ ও সংবাদ উপস্থাপক/
উপস্থাপিকাদের সমন্বয়ে জাতীয় শুক্রাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের
(Stakeholder) অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

জ্ঞান আলোচনা
মোছা: মাহফুজা আকতার
জেনারেল ম্যানেজার (চ: দা:)

বিতরণঃ

- ০১। শাখা প্রধান.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
- ০২। Lions Club of Chittagong Presidency'র সদস্যবৃন্দ।
- ০৩। সংবাদ উপস্থাপক/উপস্থাপিকা।
- ০৪। কার্যালয় নথি।